

ঢাকা ওয়াসা

- ১) ২০২৪-২৫ অর্থ বছরের অত্র মডস জোনের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
- ২) ঢাকা ওয়াসার কলসেন্টার ১৬১৬২ হতে প্রাপ্ত অভিযোগ।
- ৩) অনুমোদিত দর।
- ৪) প্রাক্কলণ।

বিষয় : Repairing & maintenance of Manhole with installation Manhole Cover at Baily Road- Siddeshori area under MODS Zone-3 Dhaka WASA.

অনুচ্ছেদ-১ :

মডস জোন-৬ ঢাকা ওয়াসার একটি অন্যতম বৃহত্তম জোন। অত্র জোনের আওতাধীন এলাকায় বাংলাদেশ সচিবালয়, মাননীয় প্রধান বিচারপতি, রাষ্ট্রপতি, মাননীয়মন্ত্রী, সচিবসহ রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ পদে আসীন বহু ব্যক্তিগণের বসবাস। এম.আই.এস.রিপোর্ট (জানুয়ারী/২০২১) অনুযায়ী অত্র জোনে বিভিন্ন ব্যাসের প্রায় ১৪১ কিলোমিটার পয়ঃ লাইন এবং প্রায় ৪১০০ ম্যানহোল ও ওয়াইপিট বিদ্যমান রয়েছে। উক্ত পয়ঃ লাইনদ্বারা অত্র জোনের গ্রাহকদের পয়ঃ বর্জ্য অপসারিত হয়। পয়ঃ সংযোগের বিল বাবদ ঢাকা ওয়াসার বিপুল পরিমাণ রাজস্ব আয় হয়। অত্র মডস জোনের আওতাধীন প্রধান উপদেষ্টার বাসভবন, প্রধান বিচারপতির বাসভবন, মিন্টু রোড, বেইলি রোড, নিউ ইন্সটন, ইন্সটন গার্ডেন, কাকরাইল, সিদ্ধেশ্বরী এলাকা, সার্কিট হাউজসহ, একাধিক রাষ্ট্রীয় অতিথি ভবনসহ রাষ্ট্রীয় পদস্থ বহু আমলার বসবাস। বর্ণিত এলাকাসমূহ অতিবসংবেদনশীল এলাকা হিসাবে বিবেচিত হয়। আলোচ্য এলাকা সমূহ DMA-614 এর অধীন। উক্ত এলাকায় পয়ঃ ম্যানহোলে ঢাকনা না থাকায় গ্রাহক ঢাকা ওয়াসার কলসেন্টার ১৬১৬২ এ অভিযোগ করেন। সরেজমিনে সাইট পরিদর্শন করে অভিযোগের সত্যতা পাওয়া যায়। বেইলী রোডে ভিকারুল্লাহ স্কুল রয়েছে এবং রাস্তা দিয়ে স্কুলে বাচ্চারা যাতায়াত করে কিন্তু ম্যানহোল কভার না থাকায় যে কোনো সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটানোর সম্ভাবনা রয়েছে। তাছাড়াও মগবাজার পয়ঃ পাম্পের সম্মুখে দুইটি ম্যানহোল কভার না থাকায় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আঞ্চলিক অফিস থেকে বার বার অনুরোধ করছেন। উল্লেখ্য যে, বর্তমানে ম্যানহোল মেরামত ও ম্যানহোল কভার স্থাপনের জন্য কোনো ঠিকাদার নিয়োজিত নেই বিধায় কাজগুলো বাস্তবায়ন করা সম্ভব হচ্ছেনা। এধরনের কাজগুলো বাস্তবায়নের জন্য ইতোমধ্যে ই-জিপি প্রক্রিয়ায় দরপত্র আহবান করা হয়েছে। দরপত্র আহবান প্রক্রিয়া সম্পন্ন হয়ে ঠিকাদার কার্যাদেশ প্রাপ্ত হতে এখনও সময়ের প্রয়োজন।

অনুচ্ছেদ নং -২ :

উপরোক্ত বর্ণনার আলোকে মডস জোন -৬ এর আওতাধীন DMA-614 এর অধীন সিদ্ধেশ্বরী-বেইলী রোড ও তৎসংলগ্ন এলাকায় পয়ঃ ম্যানহোল রক্ষণাবেক্ষণ ও ঢাকনা লাগানোর লক্ষ্যে অনুমোদিত দও ও বাজারদর মোতাবেক একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। প্রস্তুতকৃত প্রাক্কলণে সর্বমোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ২৪,৩৬০/- (চব্বিশ হাজার তিনশত ষাট) টাকা মাত্র। উক্ত কাজের ব্যয়ভার অত্র মডস জোনের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-B-14.45.10 (পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ-কোড নং ০১-০৪-০০২) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য ক্রয় কাজটির আর্থিক ও প্রশাসনিক অনুমোদনের ক্ষমতা “প্রধান প্রকৌশলী” মহোদয়ের আওতাধীন।





অনুচ্ছেদ নং -৩ঃ

এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে “Repairing & maintenance of Manhole with installation Manhole Cover at Baily Road- Siddeshori area under MODS Zone-3 Dhaka WASA. ” কাজটি বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লিখিত কাজটি সম্পাদনের জন্য সর্বমোট ২৪,৩৬০/- (চব্বিশ হাজার তিনশত ষাট) টাকা মাত্র এর প্রাক্কলণটির অনুমোদন।

খ) পি.পি.আর ২০০৮ এর বিধি ৮১(১) অনুযায়ী সরাসরি ক্রয় পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন, যা কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

গ) আলোচ্য কাজের ব্যয়ভার অত্র মডস জোনের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-B-14.45.10 (পয়ঃ লাইন রক্ষনাবেক্ষন-কোড নং ০১-০৪-০০২) খাত হতে নির্বাহ করার অনুমোদন।

উল্লিখিত প্রস্তাব সমূহ প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য সর্বিনয়ে পেশ করা হ'ল।

০৭.১০.২৪
ভৌমিক আহম্মদ চৌধুরী
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৬, ঢাকা ওয়াসা।

০৭.১০.২৪
মোহাম্মদ ইখতিয়ার হাসউ-
সহকারী প্রকৌশলী
মডস জোন-৬, ঢাকা ওয়াসা।

০৭.১০.২৪
প্রকৌঃ মোঃ এমদানুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৬, ঢাকা ওয়াসা।

৪/ অনুমোদিত।
০৭/১০/২৪

মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

EE, Zone-6